

১০/৫/০৭  
৪৬

## শিক্ষা অধিদপ্তরের ৪০৪ জন কর্মচারীর চাকরি ২৬ বছরেও নিয়মিত হয়নি

॥ কুমিল্লা সংবাদদাতা ॥  
দীর্ঘ ২৬ বছর চাকরি করেও শিক্ষা অধিদপ্তরের ৪শ' ৪ জন চতুর্থ শ্রেণীর কর্মচারী নিয়মিত হয়নি। আফ্রিকানি জটিলতার ফাঁদে পড়ে কার্যভিত্তিক চাকরীর ঘানি টানছেন তারা। তাদের নিয়মিত করার ব্যাপারে সকল আনুষ্ঠানিক কাজ সরকারিভাবে সম্পন্ন হলেও নিয়মিতকরণের বিষয়টি ঝুলে আছে বছরের পর বছর। এ দীর্ঘ সময়ে কার্য ভিত্তিক ঐ কর্মচারীদের অনেকেই খালি হাতে বাড়ি ফিরেছেন। আবার অনেকে নারা গেছেন কর্মরত অবস্থায়। এ সব কর্মচারী বা তাদের পরিবার সরকারি কোন সুযোগ-সুবিধা পায়নি। এতে করে কঠিন এবং মানবের জীবনযাপন করতে হচ্ছে এসব কর্মচারী এবং তাদের পরিবার-পরিজনদের।

১৯৮৩ সালের ৯ জুন শিক্ষা অধিদপ্তরের চতুর্থ শ্রেণীর কর্মচারীর (এম এল এস এস) পদের চাকরিকাল যাদের ১০ বছর বা

তারও বেশি হয়েছে তাদের চাকরি স্থায়ী করার ঘোষণা দেয়া হয়। কিন্তু তাদের চাকরি স্থায়ী না করে শিক্ষা অধিদপ্তরের আওতায় বিভিন্ন অফিস সরকারি কলেজ টিচার্স ট্রেনিং সেন্টার ও কলেজগুলোতে ১৯৯৩ সালে স্থায়ী পদে লোক নিয়োগ দেয়া হয়। অথচ দীর্ঘ দিন যাবৎ কার্যভিত্তিক এম এল এস এসদের স্থায়ীকরণের বিষয়টি উপেক্ষিত হয়ে আছে। অস্থায়ী এমএলএস এসদের তথ্য চাকরির বর্তমান বইও সিভিল সার্জন থেকে মেডিকেল ফিটনেস সার্টিফিকেটও জমা নেয়া হয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশে অধিদপ্তরের ২০০৩ সালের ২০ নভেম্বরের স্মারক স্বাস্থ্য পরীক্ষা ও একই বছরের ২৯ জানুয়ারী কর্মচারীদের চাকরি নিয়মিত করণের বিষয়ে তাদের নিয়োগপত্র ও চাকরি বর্তমান বই প্রেরণের নির্দেশ দেয়া হয়। সে অনুযায়ী চাকরী নিয়মিতকরণের বিষয়েও অনেকদূর এগিয়ে আবার খেঁচু গেছে।